




এমআরটি ও র্যাপিড পাস টিকিটে নতুন নিয়ম: ১৮ টাকা ব্যালেন্স ছাড়া মেট্রোরেল এন্ট্রি নিষিদ্ধ



সংগৃহীত ছবি

ঢাকা মেট্রোরেল এখন থেকে কার্ডে অন্তত ১৮ টাকা ব্যালেন্স থাকতে হবে। শূন্য ব্যালেন্সে যাত্রা শুরু করার আগের নিয়ম বাতিল করা হয়েছে। নতুন নিয়মে পর্যাপ্ত টাকা না থাকলে মেট্রোতে প্রবেশ করা যাবে না।

মেট্রোরেল কর্তৃপক্ষের সর্বশেষ নির্দেশনায় বলা হয়েছে, যাত্রীরা আর শূন্য ব্যালেন্সে ভ্রমণ শুরু করতে পারবেন না। এখন থেকে এমআরটি (MRT Pass) বা র্যাপিড কার্ডে ন্যূনতম ১৮ টাকা ব্যালেন্স থাকতে হবে, নইলে প্রবেশদ্বারে এন্ট্রি মিলবে না।

এর আগে নিয়ম ছিল—কার্ডে কোনো ব্যালেন্স না থাকলেও ভ্রমণ শুরু করা যেত এবং গন্তব্যে পৌঁছে রিচার্জ করলে চলত। নতুন নীতিমালায় সেই সুবিধা তুলে দেওয়া হয়েছে।

তবে যাত্রীদের জন্য উদ্বেগের জায়গা হলো—কার্ড হারিয়ে গেলে বা ব্ল্যাকলিস্টেড হলে বর্তমানে রিপ্লেসমেন্ট বা রি-ইস্যু সেবা বন্ধ রয়েছে। ফলে অতিরিক্ত টাকা রিচার্জ করলে আর্থিক ক্ষতির সম্ভাবনা থেকেই যাচ্ছে। এ বিষয়ে কবে সমাধান আসবে সে ব্যাপারে মেট্রোরেল কর্তৃপক্ষ এখনো কোনো নিশ্চয়তা দেয়নি।